

## 💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ৯. জাল হাদীস চিহ্নিতকরণে বাঙালী আলিমগণ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৩. মাওলানা আবদুল মালেক ও মুতিউর রহমান

শাইখ মুহাম্মাদ আব্দুল মালেক বর্তমান বাংলাদেশের সুপ্রসিদ্ধ হাদীস বিশেষজ্ঞ। তাঁর তত্ত্বাবধানে ও নির্দেশনায় মাওলানা মুতীউর রহমান-এর রচিত "প্রচলিত জাল হাদীস" গ্রন্থটি প্রকাশিত হয় ১৪২৪ হিজরী (২০০৩ খৃ) সালে। দেশের কয়েকজন সুপ্রসিদ্ধ আলিম গ্রন্থটির সমর্থন ও প্রশংসায় বাণী প্রদান করেছেন। তাঁদের মধ্যে রয়েছেন মারকাযুদ্দাওয়াতিল ইসলামিয়ার তত্ত্বাবধায়ক শাইখুল হাদীস মাওলানা আব্দুল হাই পাহাড়পুরী, বাইতুল মুকার্রামের খতীব আল্লামা উবাইদুল হক্ক, হাটহাজারী মাদরাসার মহাপরিচালক আল্লামা আহমদ শফী, পটিয়া মাদরাসার মহাপরিচালক আল্লামা হারূন ইসলামাবাদী।

গ্রন্থটির ভূমিকায় জাল হাদীস বিষয়ক গুরুত্বপূর্ণ মূলনীতিগুলো আলোচনা করা হয়েছে। জাল হাদীসের পরিচয়, হাদীসের বিশুদ্ধতা নির্ণয়ের নীতিমালা, এ বিষয়ে কাশফ, ইলহাম, স্বপ্ন, বুজুর্গগণের বক্তব্য ইত্যাদির উপর নির্ভরতার ভয়াবহ পরিণতি, মুহাদ্দিসগণের মূলনীতি বর্জন করে শুধু আকল-বিবেক বা যুক্তি দিয়ে হাদীস যাচাইয়ের ধ্বংসাত্মক প্রবণতা ইত্যাদি বিষয় আলোচনা করা হয়েছে। এরপর প্রচলিত প্রায় ৭০টি জাল হাদীস আলোচনা করা হয়েছে। এগুলির মধ্যে রয়েছে:

- 1. আমি মীম বিহীন আহমাদ, আইন বিহীন আরব
- 2. ভক্তি থাকলে পাথরেও মুক্তি মেলে ...
- 3. মিরাজের নববই হাজার কালাম লাভ...
- 4. আপদ বিপদে কবরবাসীর নিকট সাহায্য চাও..
- 5. দোলনা থেকে কবর পর্যন্ত ইলম অম্বেষণ কর
- 6. ইলম অম্বেষণে সত্তর নবীর সওয়াব...
- 7. আলিমের চেহারার দিকে তাকানোর/ সাক্ষাত/ মুসাফাহার সাওয়াব
- ৪. আলিমের মজলিস হাজার রাকাআত নফল নামায থেকেও উত্তম
- 9. একজন আলিমকে সম্মান করা সত্তর জন নবীকে সম্মান করা ...
- 10. আলিমের পিছনে নামায যেন নবীর পিছনে নামায...
- 11. আলিমের পিছনে নামায পড়ায় ৪৪৪৪ গুণ সওয়াব ...
- 12. এ উম্মতের আলিম বনী ইসরাঈলের সমতুল্য
- 13. আলিম ও তালেবে ইলমের বরকতে কবরের আযাব মাফ...
- 14. শবে বরাতের গোসলের সাওয়াব ...শবে কদরের গোসল ...



- 15. আযানের সময় কথা বললে ৪০ বছরের নেকী নষ্ট হয়ে যায় ...
- 16. আংটি পরে নামায পড়ার ফযীলত...
- 17. পাঁচ ওয়াক্ত নামাযের পাঁচ প্রকার সওয়াব
- 18. পাগড়ীসহ দু'রাকাআতে ৭০ রাকাআত
- 19. বিবাহিত ব্যক্তির দু'রাকাআতে ৭০ রাকাআত
- 20. প্রতি বছর ৬ লাখ হাজীর হজ্ব পালন
- 21. সপ্তাহের দিবারাত্রের নফল নামায
- 22. মুমিনের ঝুটা ওষুধ... মুমিনের থুথু ওষুধ
- 23. লবণের মাঝে ৭০ রোগের ওষুধ
- 24. নখ কাটার নিয়ম
- 25. যার কোন পীর নেই তার পীর শয়তান
- 26. যে নিজকে চিনল সে রবকে চিনল
- 27. প্রতি ৪০ জনে একজন ওলী
- 28. মরার আগে মর
- 29. মায়্যিতের জন্য খতমে তাহলীল..
- 30. মেরাজে জিবরাঈল (আঃ) এর সঙ্গ ত্যাগ...
- 31. জুতা নিয়ে আরশ গমন...
- 32. আপনাকে সৃষ্টি না করলে কিছুই সৃষ্টি করতাম না
- 33. রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামের ছায়া না থাকা প্রসঙ্গ
- 34. নূরে মুহাম্মাদী সম্পর্কিত জাল হাদীসগুলি ....।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4702

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন